দৈনিক
ইনকিলাব

তারিখ 15 SEP 2008
পৃষ্ঠা – ১২ – কলাম – ৬

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকের জন্য স্বতন্ত্র অধিদপ্তর করার নির্দেশ

স্টাফ রিপোর্টার

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরকে দুটি অধিদপ্তরে ভাগ করার নির্দেশ দিয়েছেন শিক্ষা উপদেষ্টা হোসেন জিল্লুর রহমান। গতকাল (রোববার) শিক্ষা মন্ত্রণালয়ে এক সভায় এ নির্দেশ দেওয়া হয়েছে। মন্ত্রণালয় সূত্রে একথা জানা গেছে। সূত্রমতে, বর্তমানে মাধ্যমিক স্কুল ও কলেজ শিক্ষা নিয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর পরিচালিত হচ্ছে। পৃঃ ৫ কঃ ৪

## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকের

১২-এর পৃষ্ঠার পর

দুটি অধিদপ্তর হলে একটি মাধ্যমিক এবং অপরটি উচ্চ মাধ্যমিক শিক্ষা নিয়ে কাজ করবে। সভায় মন্ত্রণালয়ের কর্মকর্তারা বলেন, এখন একটি অধিদপ্তরের অধীনে ব্যাপক সংখ্যক শিক্ষা প্রতিষ্ঠান নিয়ে কাজ করতে গিয়ে অধিদপ্তরকে নানামুখী সমস্যায় পড়তে হচ্ছে। সভায় মাধ্যমিক স্তরে ইংরেজি ও তথ্য প্রযুক্তি শিক্ষা, মন্ত্রণালয়ের ওয়েবসাইট নিয়মিত আপডেটকরণ, মন্ত্রণালয় থেকে একটি নিয়মিত নিউজ লেটার প্রকাশের উদ্যোগ নেওয়ার নির্দেশও দিয়েছেন উপদেষ্টা। এছাড়া উপদেষ্টা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে ব্যাপক সংস্কারের উদ্যোগ নেওয়ার জন্য উপদেষ্টা উর্ধ্বতন কর্মকর্তাদের নির্দেশ দিয়েছেন। সূত্র জানায়, শিক্ষা বোর্ড কর্তৃক প্রতিষ্ঠানসমূহের নবায়ন ও মনিটরিং বিষয়, সাধারণ বোর্ডসমূহের মধ্যে কর্মচারীদের আন্তঃবোর্ড বদলি এবং বোর্ড চেয়ারম্যান কর্তৃক জেলা পর্যায়ে প্রতি মাসে মাসিক সমন্বয় সভা পরিচালনার বিষয়ে আগামী ২৭ সেপ্টেম্বরের মধ্যে একটি প্রতিবেদন উপস্থাপনের জন্য নির্দেশ দিয়েছেন শিক্ষা উপদেষ্টা। সভায় অন্যান্যের মধ্যে মন্ত্রণালয়ের সচিব মোঃ মোমতাজুল ইসলাম, অতিরিক্ত সচিব (প্রশাসন) মোজাম্মেল হক খান, অতিরিক্ত সচিব (উন্নয়ন) এটিকেএম ইসমাইল উপস্থিত ছিলেন।